সংগ্রাম

তারিখঃ ১২/১১/২০২৫ (পৃষ্ঠাঃ০৭)



# ফুলবাড়ীতে আমন ধানের বাম্পার ফলন ॥ স্বপ্ন দেখছেন কৃষকরা

**ফুলবাড়ী, দিনাজপুর সংবাদদাতা :** দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলায় চলতি বোরো মৌসুমে সবুজে বিস্তৃত হয়ে গেছে মাঠের পর মাঠ। যা দেখলে যেমন মন জুড়ে যায় তেমনটায় আশা করছেন বাম্পার ফলনের জন্য প্রান্তিক চাষীরা। বাংলাদেশের প্রধান ফসল ধান। এটি বাংলাদেশের অর্থনীতির ভিত্তিস্বরূপ। দেশের শ্রমশক্তির মোট ৪০.৬০ শতাংশ কৃষি খাতে নিয়োজিত। তাছাড়া রপ্তানি আয়েও কৃষি খাতের উল্লেখযোগ্য অবদান রয়েছে। তাই এদেশের অর্থনীতি অনেকাংশে কৃষির ওপর নির্ভরশীল। তেমনি ফুলবাড়ীতে আমন মৌসুমের ধান উৎপাদনে বন্যা, মধ্যম খরা প্রবণ, আকস্মিক বন্যা প্রবণ, তীব্র ঠান্ডা এসব দিক লক্ষ্য করে তিনটি পর্যায়ে ধান চাষ হয়, যেমন মাঝারি উঁচু, মাঝারি নিচু ও নিচু জমিতে ব্রি ধান ২৮,ব্রি ধান ৫৮, ব্রি ধান ২৯, ব্রি ধান ৬৯, ব্রি হাইব্রিড ধান ৩,ব্রি হাইব্রিড ধান ৫ ইত্যাদি ধানে মাঠ সবুজে ভরপুর হয়েছে। উপজেলা কৃষি অফিস তথ্য সূত্রে জানা যায় এবারে ফুলবাড়ী উপজেলায় প্রায় ১৮,১৪৭ হেক্টর জমিতে আমন ধানের চাষ হয়েছে। তবে একজন প্রান্তিক কৃষক শিবনগর ইউনিয়নের মিজানুর রহমান মিজান তিনি প্রায় ০৫ একর জমিতে ধান চাষ করেছেন। দেখছেন সোনালী স্বপ্ন। তিনি বলেন আমার জমিতে গত বারের তুলনায় এবার ফলন অধিক হওয়ার অপার সম্ভাবনা আছে কেননা সঠিক বীজ, সেচ, রাসায়নিক সার, বালাইনাশক, উপযুক্ত সময়ে প্রদান করেছি। তবে আবহাওয়া ভালো থাকলে আগামীদিনে স্বপ্নের সোনালি ফলন ঘরে তুলবো।

উপজেলার আলাদীপুর ইউনিয়নের আবেদ আলী জমিতেও উচ্চ ফলনশীল আগাম জাতের ধান উৎপাদন করে নিচু জমি থেকে বাম্পার ফলন লক্ষ করা যাচ্ছে। তিনি বলেন আবহাওয়া ভালো থাকায় কালবৈশাখী ঝড় কিংবা বন্যা কম থাকায় জমিতে এখন পর্যন্ত কোনো পানি জমে এবার ফলন নষ্ট অনেক কম হয়েছে।

উপজেলা কৃষি অফিসার কৃষিবীদ সাইফ আব্দুল্লাহ মোস্তাফিন বলেন ফুলবাড়ী বরাবরই ভালো ফলনের নিশ্চয়তা দেবার চেষ্টায় আমরা কাজ করে যাচ্ছি, বিভিন্ন পরামর্শ যেমন চলতি আমন মৌসুমে ধানে বাদামী গাছ ফড়িং (বিপিএইচ) লাগার পূর্বে পর্যাপ্ত সেচ ও আলোক ফাঁদ ব্যবহার করার নির্দেশনা, জৈব বালাইনাশক ব্যবহার এবং ধান ৮০ ভাগ পাকলেই কর্তন করা যাতে প্রাকৃতিকভাবে কোনোভাবেই কৃষকরা ক্ষতিগ্রস্থ না হয়। ও প্রত্যেকটি ইউনিয়নে কৃষি উপসহকারীরা বিভিন্নভাবে মাঠের ফসল ঠিক রাখতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তবে চলতি বছর প্রাকৃতিক দূর্যোগের কারণে উপজেলার ৭টি ইউনিয়নে প্রায় ৪৪ হেক্টর জমির ধান নষ্ট হয়ে গেছে।

যায়যায়দিন

তারিখঃ ১২/১১/২০২৫ (পৃষ্ঠাঃ০৫)

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)

গাজীপুর-১৭০১।

['নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন' (এলএসটিডি) শীর্ষক প্রকল্পের অধীন]

সমৃদ্ধির জন্য ধান

## আউটসোর্সিং পদ্ধতিতে গাড়িচালক ও জ্বালানিসহ পরিবহন সেবা (একটি জীপ/সমমানের গাড়ি) ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগের নাম | কৃষি মন্ত্রণালয়। |
| ২. | সংস্থা | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। |
| ৩. | সংগ্রাহক স্বত্বাধিকারীর নাম | প্রকল্প পরিচালক |
| ৪. | সংগ্রাহক স্বত্বাধিকারীর কোড নং | প্রযোজ্য নয়। |
| ৫. | সংগ্রাহক স্বত্বাধিকারীর জেলার নাম | গাজীপুর। |
| ৬. | সংগৃহীতব্য দরপত্রের ধরন | আউটসোর্সিং পদ্ধতিতে গাড়িচালক ও জ্বালানিসহ পরিবহন সেবা ক্রয় (এনসিটি)। |
| ৭. | দরপত্র আহ্বানের সূত্র নং | ১২.২২.০০০০.০০০.০০০.২৬.০০০৪.২৩-৩৭.০ |
| ৮. | তারিখ | ৩১.১০.২০২৫ খ্রিঃ। |
| ৯. | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ১০. | বাজেট ও অর্থের উৎস | রাজস্ব |
| ১১. | উন্নয়ন সহযোগী সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রযোজ্য নয় |
| ১২. | প্রকল্প/প্রস্তাব কোড নং (প্রযোজ্য ক্ষেত্রে) | ২২৪৩৭৮৯০০ |
| ১৩. | প্রকল্প/কর্মসূচীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | 'নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন' (এলএসটিডি) শীর্ষক প্রকল্প |
| ১৪. | দরপত্রের প্যাকেজ নং | ব্রি/এলএসটিডি/সার্ভিস-০১ |
| ১৫. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ৩০.১১.২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৫: ০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৬. | দরপত্র দাখিল/ গ্রহণের তারিখ ও সময় | ০১.১২.২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ০২: ৩০ ঘটিকা পর্যন্ত। |
| ১৭. | দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময় | ০১.১২.২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ০৩: ০০ ঘটিকায়। |
| ১৮. | দরপত্রের সংক্ষিপ্ত বিবরণ | নিম্নের প্রদত্ত ছক / বিবরণ অনুযায়ী। |

| কাজের নাম | দরপত্র জামানত (টাকার পরিমাণ) | দরপত্র দলিলের মূল্য (প্রতি সেট) | মন্তব্য |
|---|---|---|---|
| আউটসোর্সিং পদ্ধতিতে গাড়িচালক ও জ্বালানিসহ পরিবহন সেবা (একটি জীপ/সমমানের গাড়ি) ক্রয় | ২,৫০,০০০/-<br>(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | ২৫০০/-<br>(দুই হাজার পাঁচশত) টাকা | দরপত্র দলিলে বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে |

| | | |
|---|---|---|
| ১৯. | দরপত্র বিক্রয়ের স্থান | হিসাব বিভাগ, ব্রি-সদর দপ্তর, গাজীপুর-১৭০১। |
| ২০. | দরপত্র গ্রহণের স্থান | মহাপরিচালকের দপ্তরের সম্মুখে রক্ষিত টেন্ডার বাক্সে। |
| ২১. | দরপত্র খোলার স্থান | ব্রি সদর দপ্তরের ভিআইপি কনফারেন্স রুমে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। |
| ২২. | দরপত্র ক্রয়ের নিয়মাবলী | দরপত্র দলিল ক্রয়ের জন্য প্রকল্প পরিচালক, এলএসটিডি প্রকল্প, ব্রি, গাজীপুর বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে লিখিত আবেদনের মাধ্যমে দরপত্র দলিল ক্রয় করা যাবে। উল্লেখ্য, প্রতিষ্ঠান/কোম্পানী ব্যতীত ব্যক্তিগত দরপত্র/আবেদন গ্রহণযোগ্য হবে না। দরপত্র দলিল ক্রয়ের আবেদনের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স (ব্যবসার ধরন আউটসোর্সিং সংক্রান্ত হতে হবে) জমা দিতে হবে। |
| ২৩. | দরপত্র জামানতের ধরন | দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ক্রেডিট লাইন আকারে দরপত্র জামানত মহাপরিচালক, ব্রি, গাজীপুর এর বরাবরে জমা দিতে হবে। |
| ২৪. | প্রাক দরপত্র সভার স্থান, তারিখ ও সময় | প্রযোজ্য নয়। |
| ২৫. | দরপত্রদাতাগণের যোগ্যতা | সংশ্লিষ্ট কাজের যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আউটসোর্সিং সেবা সরবরাহকারী প্রকৃত প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। |
| ২৬. | দরপত্রের সাথে যে সমস্ত কাগজ জমা দিতে হইবে | (ক) চলতি অর্থ-বছরের নবায়নসহ ট্রেড লাইসেন্স (ব্যবসার ধরন আউটসোর্সিং সংক্রান্ত) (খ) ভ্যাট নিবন্ধন সনদপত্র (গ) টিন নম্বরসহ চলতি অর্থ-বছরের নবায়নকৃত আয়কর পরিশোধের সনদপত্রের ফটোকপি (ঘ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার বৈধ সনদপত্র জমা দিতে হবে। (ঙ) এছাড়াও, দরপত্র দলিলে বর্ণিত অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র। |
| ২৭. | সংশ্লিষ্ট সেবামূলক কাজের সংক্ষিপ্ত বিবরণ | গাড়িচালক ও জ্বালানিসহ জীপ/সমমানের গাড়ি: ০১ (এক) টি |
| ২৮. | দরপত্র আহ্বানকারীর নাম | ড. মোঃ আনোয়ার হোসেন |
| ২৯. | দরপত্র আহ্বানকারীর পদবি | প্রকল্প পরিচালক |
| ৩০. | দরপত্র আহ্বানকারী অফিসের ঠিকানা | এলএসটিডি প্রকল্প অফিস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। |
| ৩১. | দরপত্র আহ্বানকারীর সাথে যোগাযোগের ঠিকানা | ই-মেইল: lstdbrripd@gmail.com এবং ahossenbrri@gmail.com |
| ৩২. | বর্ণিত দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর উন্মুক্ত দরপত্র পদ্ধতি মোতাবেক পরিচালিত হবে। তবে, ট্রান্সপোর্ট সার্ভিস ক্রয়ের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আউটসোর্সিং নীতিমালা-২০২৫ এবং সময়ে সময়ে জারিকৃত পরিপত্র প্রযোজ্য হবে। | |
| ৩৩. | ব্রি-কর্তৃপক্ষ যে কোন দরপত্র অথবা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন। | |
| ৩৪. | অনিবার্য কারণবশত অত্র নোটিশে উল্লিখিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণ সম্ভব না হলে, পরবর্তী কার্য দিবসে একই সময় ও স্থানে দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণ হইবে। | |

৩০।১০।২০২৫

(ড. মোঃ আনোয়ার হোসেন)
প্রকল্প পরিচালক
এলএসটিডি প্রকল্প, ব্রি।